

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়: সারাদেশে ডেঙ্গু রোগ প্রতিরোধ কার্যক্রম পর্যালোচনার জন্য Zoom Conference-এর মাধ্যমে
৭ম আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ তাজুল ইসলাম এমপি
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সভার স্থান : Zoom Conference এর মাধ্যমে
তারিখ ও সময় : ০১ নভেম্বর ২০২০, সকাল ১১.৩০ টা
উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভার আলোচনা:

১.১ মাননীয় মন্ত্রীর সদয় অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ সভা শুরু করেন। তিনি সভায় উপস্থিত সকল সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি) জনাব জুয়েনা আজিজ ও অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগের কর্মকর্তাগণকে স্বাগত জানান। তিনি বলেন, প্রতি বছর নভেম্বর মাসে স্বাভাবিকভাবে মশার উপদ্রব কিছুটা বাড়ে। বর্তমান কোভিড-১৯ মহামারিকালীন যাতে কোনক্রমেই মশার উপদ্রব না বাড়ে এবং ডেঙ্গুর প্রকোপ আরও কমিয়ে আনা যায়-সে বিষয়ে গৃহীত কার্যক্রম পর্যালোচনার জন্য এ সভা আহ্বান করা হয়েছে। মাননীয় মন্ত্রী সকলের বক্তব্য শুনে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। অতঃপর তিনি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি-কে সূচনা বক্তব্য প্রদানের অনুরোধ জানান।

১.২ সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন, কোভিড-১৯ মহামারি পরিস্থিতির মধ্যেও আমাদের সকলের ঐকান্তিক প্রচেষ্টায় ডেঙ্গু প্রতিরোধে এ বছর অভাবনীয় সফলতা অর্জন সম্ভব হয়েছে। গত বছর ডেঙ্গু নিয়ে মানুষের মধ্যে এক ধরনের আতংক বিরাজমান ছিল। গত বছরের অভিজ্ঞতার আলোকে এ বছরের শুরু হতে আমাদের কর্মপরিকল্পনা অনুযায়ী ধারাবাহিক কর্মতৎপরতার ফলে এ বছর এর প্রাদুর্ভাব খুবই নগন্য। এজন্য তিনি সকল সিটি কর্পোরেশনের মেয়র, কাউন্সিলর, কর্মকর্তা-কর্মচারী এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা ওয়াশা-সহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ ও দপ্তর/ সংস্থাকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, গত বছর মশা নিয়ন্ত্রণে কীটনাশক আমদানীর লাইসেন্স প্রদান কার্যক্রম আরও সহজীকরণের জন্য বিভিন্ন সিটি কর্পোরেশন হতে অনুরোধ করা হয়েছিল। সে প্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয় এবং এর অধীনস্থ উদ্ভিদ সংরক্ষণ উইং এর সাথে ধারাবাহিক আলোচনাক্রমে মশক নিধনে ব্যবহৃত কীটনাশক আমদানীর জন্য একাধিক প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান করা হয়েছে। এছাড়া, সিটি কর্পোরেশনসমূহের মশক নিধন কাজে ব্যয় নির্বাহের জন্য গত অর্থ বছর এবং বর্তমান অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগ হতে পর্যাপ্ত থোক বরাদ্দ প্রদান করা হয়েছে। মশক নিধন কার্যক্রমে জনসম্পৃক্ততা তৈরী এবং জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে TVC তৈরী করে বিভিন্ন গণমাধ্যমে একযোগে প্রচার চলমান রয়েছে। সিটি কর্পোরেশনসমূহ প্রতিটি এলাকাকে জোন/ সাবজোনে বিভক্ত করে জনসচেতনতা তৈরী করা হয়েছে। প্রয়োজনে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়েছে। তিনি বলেন, মশক নিধনে আমাদের বর্তমান সাফল্য ভবিষ্যতে যে কোনো চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের সকলকে উৎসাহ প্রদান করবে এবং তা একটি অনুসরণীয় দৃষ্টান্ত হয়ে থাকবে। তিনি সকল সিটি কর্পোরেশন এবং দপ্তর/ সংস্থার পক্ষ হতে তাদের চলমান কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করা এবং কোন সীমাবদ্ধতা থাকলে তা পর্যালোচনার জন্য সকলকে আহ্বান জানান।

১.৩ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম বলেন, তাঁর দায়িত্ব গ্রহণের পর হতে মাননীয় মন্ত্রী'র নেতৃত্বে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ হতে এ বিষয়ে সর্বাঙ্গিক কার্যক্রম অব্যাহত রয়েছে। এ বছর এখন পর্যন্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু রোগে আক্রান্ত রোগীর সংখ্যা খুবই নগন্য। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৪টি কেন্দ্রে বিনামূল্যে ডেঙ্গু রোগ সনাক্তকরণের কাজ চলমান রয়েছে। এছাড়া, কোথাও কোন ডেঙ্গু রোগী সনাক্ত হলে সিটি কর্পোরেশনের Rapid Action Team দ্রুততম সময়ে রোগীর বাসস্থান ও এর চারপাশে লার্ভিসাইড প্রয়োগ করে থাকে। তিনি বলেন, মশকের লার্ভা নিধনকল্পে কীটনাশক আমদানীর ক্ষেত্রে আমদানী শুল্ক প্রায় ৬০-৭০%। অপরদিকে কৃষিকাজে ব্যবহৃত কীটনাশকের আমদানী শুল্ক মাত্র ৬-৭%। ফলে উচ্চ শুল্ক হারের জন্য বেসরকারি পর্যায়ে আমদানীকারকগণ কীটনাশক আমদানীতে উৎসাহিত হচ্ছেন না। ফলে দ্রুততম সময়ে মশকের লার্ভা নিধনকারী কীটনাশক আমদানী শুল্ক হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি সভাপতিকে অনুরোধ জানান। গত মে মাস হতে প্রতি মাসে অন্তত ১০ দিন ব্যাপী চিহ্নিত অভিযান পরিচালনা করা হচ্ছে এবং মশকের প্রজননের জন্য দায়ী বাসা/বাড়ির মালিককে মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানা আদায় করা হচ্ছে। তিনি মশক নিধনে চিহ্নিত অভিযান পরিচালনার জন্য আরও ১০ দশ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট পদায়নের জন্য অনুরোধ জানান।

১.৪ খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র তালুকদার আব্দুল খালেক মশকের বংশবিস্তার রোধে প্রতি মাসে নিয়মিত সভা আহ্বানের জন্য এবং সময়োপযোগী নির্দেশনা প্রদানের জন্য মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ডেঙ্গু মোকাবেলায় গত অর্থ বছর এবং বর্তমান অর্থ বছরে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য তিনি সভাপতিকে ধন্যবাদ জানান। উক্ত অর্থ ব্যয়ে প্রয়োজনীয় লার্ভিসাইড, এডাল্টিসাইড, ফগার মেশিন, হ্যান্ড স্প্রে মেশিন ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয় করা হয়েছে। ডেঙ্গু মোকাবেলায় এ বছর বর্ষা মৌসুম শুরুর পূর্ব হতেই যথেষ্ট প্রস্তুতি নিয়ে ডেনেজ পরিষ্কার করাসহ পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়। এর ফলে এ বছর বর্তমান সময় পর্যন্ত খুলনা নগরীতে কোন ডেঙ্গু রোগী সনাক্ত হয়নি। মশক নিধনে ব্যবহৃত কীটনাশকের আমদানী শুল্ক হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনিও সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

১.৫ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রশাসক জনাব মোহাম্মদ খোরশেদ আলম সুজন বলেন, মশক নিধনকল্পে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক দীর্ঘমেয়াদী কার্যক্রম চলমান রয়েছে। নগরীর বিভিন্ন আবাসিক ভবনে ছাদবাগান বা অন্যান্য স্থানে যাতে কোন ক্রমেই পানি না জমে থাকে, এ বিষয়ে জনসচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। নগরীর সকল খালসমূহ পরিচ্ছন্ন করা হচ্ছে। চট্টগ্রাম নগরীতে বর্তমানে ডেঙ্গু রোগীর সংখ্যা খুবই নগন্য মর্মে তিনি উল্লেখ করেন।

১.৬ গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম বলেন, মশক ও লার্ভা নিধনে ব্যবহৃত কীটনাশক আমদানীর ক্ষেত্রে আমদানী শুল্ক জনস্বার্থে সম্পূর্ণ বিলোপ করা প্রয়োজন। এতে সিটি কর্পোরেশনসমূহের বিলুল অর্থের সাশ্রয় হবে। গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় এখন পর্যন্ত উল্লেখযোগ্য কোন ডেঙ্গু রোগী সনাক্ত হয়নি। তিনি বলেন, টঙ্গী হতে রাজেন্দ্রপুর চৌরাস্তা পর্যন্ত গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক চলমান Greater Dhaka Sustainable Urban Transport Project (BRT Gazipur-Airport) শীর্ষক প্রকল্পের দীর্ঘসূত্রতা, যত্রতত্র নির্মাণ সামগ্রী ফেলে রাখা এবং বাতাসে প্রচুর ধূলাবালুর কারণে অবর্ণনীয় জনভোগান্তির সৃষ্টি হয়েছে। প্রকল্প এলাকায় বৃষ্টির পানি জমে মশকের লার্ভা জন্মানোর ক্ষেত্র সৃষ্টি হচ্ছে। এর পরিত্রাণকল্পে দ্রুততম সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অনুরোধ জানানো প্রয়োজন। তিনি সিটি কর্পোরেশনসমূহকে পরিষ্কার পরিচ্ছন্নতা এবং মশক নিধন খাতে পরবর্তী অর্থ বছর হতে বাজেট বরাদ্দ বৃদ্ধি করার জন্য অর্থ বিভাগ বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন।

১.৭ সিলেট সিটি কর্পোরেশনের মেয়র জনাব আরিফুল হক চৌধুরী বলেন, সিলেট সিটি কর্পোরেশন এলাকায় মশকের সম্ভাব্য প্রজনন স্থল চিহ্নিত করে অভিযান পরিচালনা করা হচ্ছে। একটি মনিটরিং সেল গঠন করে মশক নিধন কার্যক্রম নিবিড় তদারকি করা হচ্ছে।

১.৮ কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোঃ মনিরুল হক বলেন, কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় মশক নিধন কার্যক্রম নিয়মিত ওয়ার্ডভিত্তিক মনিটরিং করা হয়। বর্তমানে ব্যবহৃত কীটনাশকের মান অত্যন্ত ভালো বিধায় সুফল পাওয়া যাচ্ছে। কুমিল্লা শহরেও উল্লেখযোগ্য কোন ডেঙ্গু রোগী নেই মর্মে তিনি জানান।

১.৯ ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র জনাব ইকরামুল হক বলেন, ময়মনসিংহ সিটি কর্পোরেশনে অধীনে সকল আবাসিক এলাকায় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে মনিটরিং টিম কাজ করছে। মশকের বংশবিস্তার রোধে কর্মপকল্পনা অনুযায়ী সকল ওয়ার্ডে মশক ও লার্ভা নিধন কার্যক্রম অব্যাহত রয়েছে।

১.১০ বেগম জুয়েনা আজিজ, মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয় ডেঙ্গু রোগের প্রতিরোধকল্পে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নেতৃত্বে সমন্বিত কার্যক্রমের প্রশংসা করেন। স্বাস্থ্যসেবা বিভাগের তথ্য অনুযায়ী গত বছরের তুলনায় এ বছরে ডেঙ্গু রোগীর সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পাওয়ায় তিনি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং সকল সিটি কর্পোরেশনের মেয়রগণকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যাশা পূরণে আমাদের সকলকে একসাথে কাজ করতে হবে। তিনি ডেঙ্গু ব্যবস্থাপনায় এ বছরের সফলতা/ অভিজ্ঞতার আলোকে একটি লিখিত গাইডলাইন তৈরীর প্রস্তাব করেন, যা ভবিষ্যতে কাজে লাগবে। তিনি সিটি কর্পোরেশনের মেয়রগণের প্রস্তাব অনুযায়ী মশকের কীটনাশক আমদানীর বিষয়ে আমদানী শুল্ক হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান।


১.১১ স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) জনাব মোঃ মোস্তফা কামাল বলেন, এ বছর শুরু হতেই স্বাস্থ্য সেবা বিভাগ, স্থানীয় সরকার বিভাগ-সহ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/ সংস্থার সম্মিলিত প্রচেষ্টার কারণে বর্তমানে ডেঙ্গু রোগীর সংখ্যায় অনেক কম। কোভিড-১৯ মহামারির মধ্যেও যাতে কোনভাবে ডেঙ্গু রোগী সনাক্ত করা ও যথাযথ চিকিৎসার ক্ষেত্রে কোন ত্রুটি না থাকে, সেজন্য তাঁর মন্ত্রণালয়ের পক্ষ হতে সর্বাঙ্গিক প্রস্তুতি রয়েছে।

১.১২ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার বলেন, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নির্দেশনায় নিজ মন্ত্রণালয়ের অধীনস্থ সরকারি অফিস, আবাসিক বাসভবনসমূহে যাতে কোনোক্রমেই যাতে মশকের লার্ভা সৃষ্টি হতে না পারে, তা মনিটরিং করার জন্য বিভিন্ন মনিটরিং টিম কাজ করছে। ঢাকা মহানগরীতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় সকল খাল/লেকসমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করা হচ্ছে। তিনি নিজে এ সকল কার্যক্রম তদারকি করছেন। মশকের বংশবিস্তার রোধে তাঁর মন্ত্রণালয়ের সার্বিক কার্যক্রম অব্যাহত থাকবে মর্মে তিনি উল্লেখ করেন।

১.১৩ ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী তাকসিম খান বলেন, ঢাকা ওয়াসার নিয়ন্ত্রণাধীন যে খালসমূহও যাতে কচুরীপানা, বর্জ্যমুক্ত থাকে সেজন্য নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন করা হচ্ছে।

১.১৪ স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) ডা. শাহনুজ্জামান ফেরদৌসী বলেন, বাংলাদেশ সরকারি-বেসরকারি হাসপাতালসমূহে ডেঙ্গু রোগীদের সনাক্ত করা এবং যথাযথ চিকিৎসার জন্য এ বছরের শুরু হতেই স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ হতে পূর্ণাঙ্গ প্রস্তুতি গ্রহণ করা হয়। এছাড়া, সকল হাসপাতাল কম্পাউন্ড যাতে সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্ন থাকে, তা নিশ্চিত করার জন্য নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। এ বছরে সারাদেশে এ পর্যন্ত ৬২৭ জন রোগী ডেঙ্গু রোগ সনাক্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু রোগে আক্রান্ত ১১ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এ বছর এ পর্যন্ত মাত্র ৩-৪ জন রোগী মৃত্যুবরণ করেছেন। সার্বিক পর্যালোচনায়, ডেঙ্গু রোগে বিস্তার অত্যন্ত স্বাভাবিক পর্যায়ে রয়েছে মর্মে তিনি উল্লেখ করেন।

১.১৫ স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ সভায় বলেন, দীর্ঘমেয়াদী পরিকল্পনা অনুযায়ী সকল মন্ত্রণালয়/ বিভাগ, দপ্তর/ সংস্থা ও সিটি কর্পোরেশনসমূহের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।




১.১৬ সভাপতি এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন, মশকের বংশবিস্তার রোধকল্পে সরকারের সকল মন্ত্রণালয়/ বিভাগ, দপ্তর/ সংস্থার স্ব স্ব দায়িত্ব পালন অব্যাহত থাকবে। সকলের ঐকান্তিক প্রচেষ্টা, সকল সংস্থার মধ্যে সমন্বয় বজায় থাকবে। তিনি বলেন, এর পাশাপাশি সকল সরকারি-বেসরকারি হাসপাতালে সৃষ্ট চিকিৎসা বর্জ্যের নিরাপদ ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ ইস্যু। জনস্বাস্থ্যকে সর্বোচ্চ দিয়ে চিকিৎসা বর্জ্যকে বিজ্ঞানসম্মতভাবে Incineration পদ্ধতির মাধ্যমে অভ্যন্তরীণভাবে নিরাপদ বর্জ্যে রূপান্তর করতে হবে। তিনি বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী'র নেতৃত্বে আমরা সকলের ঐকান্তিক প্রচেষ্টায় মশক নিধনে এ সাফল্য অর্জন করতে পেরেছি। মাননীয় প্রধানমন্ত্রী দেশের উন্নয়নে দিন-রাত পরিশ্রম করছেন, যা দায়িত্ব পালনে আমাদের সবাইকে উৎসাহিত করছে। আমরা সকলে মিলে একসাথে কাজ করলে বাংলাদেশ বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় পরিণত হবে।

২. সভার সিদ্ধান্ত:

সভায় সকলের বক্তব্য শ্রবণান্তে সভাপতি সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করেন:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	মশকের বংশবিস্তার রোধে সরকারের সকল মন্ত্রণালয়/ বিভাগ, দপ্তর/ সংস্থা ও সিটি কর্পোরেশন/ পৌরসভা কর্তৃক বহরব্যাপী পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত থাকবে।	সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং আওতাধীন দপ্তর/ সংস্থা/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান
২.২	সিটি কর্পোরেশনসমূহ মশক নিধনে ব্যবহৃত কীটনাশকের আমদানি শুল্ক হ্রাস করার জন্য এ সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্যসহ প্রস্তাব প্রেরণ করবে। প্রস্তাব প্রাপ্তির পর এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ জানানো হবে।	১. স্থানীয় সরকার বিভাগ ২. সিটি কর্পোরেশন (সকল)
২.৩	সকল সরকারি-বেসরকারি হাসপাতালে সৃষ্ট চিকিৎসা বর্জ্যের নিরাপদ ব্যবস্থাপনার জন্য স্বাস্থ্য সেবা বিভাগ জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	১. স্থানীয় সরকার বিভাগ ২. সিটি কর্পোরেশন (সকল)
২.৪	গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় চলমান Greater Dhaka Sustainable Urban Transport Project (BRT Gazipur-Airport) শীর্ষক প্রকল্প এলাকায় কাজের দীর্ঘসূত্রতা, যত্রতত্র নির্মাণ সামগ্রী ফেলে রাখা, বাতাসে মাত্রাতিরিক্ত ধূলাবালুজনিত জনভোগান্তি লাঘব এবং বৃষ্টির পানি জমে মশকের লার্ভা জন্মানো প্রতিরোধে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	১. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ২. স্থানীয় সরকার বিভাগ
২.৫	ডেঙ্গু ব্যবস্থাপনায় এ বছরের অভিজ্ঞতা, সাফল্য ও চ্যালেঞ্জ নিয়ে ভবিষ্যতের জন্য একটি লিখিত গাইডলাইন প্রণয়ন করা হবে।	স্থানীয় সরকার বিভাগ।

৩. সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




মোঃ তাজুল ইসলাম এমপি

মন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


১. মাননীয় মেয়র, ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ/ রাজশাহী/ খুলনা/ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা (সদয় জ্ঞাতার্থে)
৪. সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৭. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৯. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সিনিয়র সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
১৬. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
২২. সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
২৩. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
২৬. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩. সচিব, সেতু বিভাগ, মহাখালী, ঢাকা।
৩৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা।
৩৭. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩৯. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪২. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



৪৪. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৫. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৬. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৭. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৮. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৪৯. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫১. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৫২. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৩. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৪. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
৫৫. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৬. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৭. সচিব, রেলপথ মন্ত্রণালয়, আব্দুল গণি রোড, ঢাকা
৫৮. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৫৯. মেয়র/ প্রশাসক, চট্টগ্রাম/ বরিশাল/ সিলেট/ কুমিল্লা/ রংপুর/ গাজীপুর/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৬০. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন/ প্রশাসন/ পানি সরবরাহ/ উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬২. বিভাগীয় কমিশনার, বিভাগ (সকল)।
৬৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
৬৪. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, চট্টগ্রাম ওয়াসা, রাজশাহী ওয়াসা/ খুলনা ওয়াসা।
৬৫. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৬৬. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬৭. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬৮. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৬৯. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ক্যাপ্টেন মনসুর আলী সরনি, কাকরাইল, ঢাকা।
৭০. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরানবাজার, ঢাকা।
৭২. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৭৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৭৪. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ক্যাপ্টেন মনসুর আলী সরনি, ঢাকা।
৭৫. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৭৬. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।
৭৭. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।
৭৮. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৭৯. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৮০. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮১. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/ নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮২. চেয়ারম্যান, জেলা পরিষদ, (সকল)।
৮৩. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা/ জ্যেষ্ঠ স্বাস্থ্য কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)
৮৪. জেলা প্রশাসক, জেলা (সকল)।
৮৫. উপসচিব (সিটি কর্পোরেশন-২/ জেলা পরিষদ/ পৌর-১/ পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮৬. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগ (সকল)।
৮৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, (সকল)
৮৮. মেয়র, পৌরসভা (সকল)



৮৯. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল।)।


১৮/১০/২০২০

আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫

ই-মেইল: lgcc1@lgd.gov.bd